

কোস্ট ট্রাস্ট, প্রিন্সিপাল অফিস, ঢাকা, তারিখ: ১৬ আগস্ট ২০১৮

প্রতি: নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতে: পরিচালক

বিষয়: অফিসিয়াল যোগাযোগের জন্য name@coastbd.net Email ID ব্যবহার প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনাদের সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ব্যবস্থাপনার সিদ্ধান্ত মোতাবেক সকল সহকর্মীকে এখন থেকে

- ১। অফিসিয়াল ই-মেইল আদান প্রদানের জন্য coastbd.net Email ID ব্যবহার করতে হবে। যেমন, name@coastbd.net এই ফরম্যাটে হতে হবে। বিশেষ করে, কোস্ট ট্রাস্টের বাইরে সরকারি, বেসরকারি কার্যালয় বা ব্যক্তি, দাতা সংস্থা, মিডিয়া ইত্যাদি যে কোনো ই-মেইল যোগাযোগের ক্ষেত্রে এই আইডি ব্যবহার বাধ্যতামূলক। এসব ক্ষেত্রে name.coast@gmail.com আইডি ব্যবহার করা যাবে না। এই জিমেইল আইডি শুধুমাত্র ইমেইল জমা রাখার স্টোরেজ হিসেবে ব্যবহার করা হবে।
- ২। অফিসিয়াল আইডি জিমেইল আইডিতে ফরোয়ার্ড করা থাকবে। সেখানেই সব ইমেইল রিসিভ করা যাবে।
- ৩। নতুন মেইল করার জন্য Compose mail-এ গিয়ে সেখানে From থেকে আপনার name@coastbd.net মেইল আইডি সিলেক্ট করে ই-মেইল পাঠাতে হবে।
- ৪। Compose mail এ অবশ্যই আপনার Signature থাকতে হবে। নিচের উদাহরণ হুবহু অনুসরণ করে আপনার সিগনেচার বানিয়ে নিন।

Md Abarul Islam (Mr)
Head- ICT
COAST Trust
Mobile: +8801713144166
Skype: abir.coast
Web: www.coastbd.net
COAST has Special Consultative Status with UN ECOSOC
and certified by HQAI-Geneva

- ৫। সিগনেচারে ওয়েব সাইটের জায়গায় www.equitybd.net এবং www.radiomeghna.net নির্বাহী পরিচালক এর অনুমোদন ছাড়া ব্যবহার করা যাবে না।
- ৬। দাতা সংস্থায় প্রকল্প সংক্রান্ত ই-মেইল শুধুমাত্র ফোকাল পারসন (সহকারী পরিচালকবৃন্দ) আদান প্রদান করবেন। প্রকল্প সমন্বয়কারী বা অন্য কেউ করতে হলে ফোকাল পারসনের জ্ঞাতসারে তা করতে হবে এবং প্রয়োজনীয় সকলকে সিসিতে রাখতে হবে। প্রয়োজন না হলে অযথা কাউকে সিসিতে রাখবেন না। শুধুমাত্র ধন্যবাদ দেবার জন্য 'রিপ্লাই অল' না দিয়ে শুধু 'রিপ্লাই' দিতে হবে। কারণ, এটা অন্যের বিরক্তির কারণ হয়। সরকারি সংস্থা বা কর্মকর্তাকে, মিডিয়ায় ই-মেইল দেবার আগে অবশ্যই পরিচালক/নির্বাহী পরিচালকের অনুমতি নিতে হবে এবং সিসিতে রাখতে হবে।
- ৭। এর অন্যথা হলে তার সকল দায়-দায়িত্ব ইমেইল দাতাকে বহন করতে হবে। এবং কোস্ট মানবসম্পদ নীতিমালা অনুযায়ী অসদাচরণের আওতায় পড়বে।
- ৮। এ সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকর হবে এবং উপরোক্ত নির্দেশনা বুঝতে সমস্যা হলে আইসিটি সেকশনের নিম্নোক্ত সহকর্মীদের সঙ্গে যোগাযোগ করুন ও প্রয়োজনীয় সহযোগিতা নিন। আবাকুল ইসলাম- ০১৭১৩-১৪৪১৬৬, তৌহিদুল আলম- ০১৭১৩-৩২৮৮২২, জসিম উদ্দিন- ০১৭১৩-১৪৪১৬৩
- ৯। এই সার্কুলারটি প্রিন্ট করে সংশ্লিষ্ট সবার স্বাক্ষর নিতে হবে। আগামী ১৫ দিন সকল মিটিংয়ে আলোচনা করতে হবে এবং প্রজেকশান/নোটিশ বোর্ডে ঝুলিয়ে রাখতে হবে।

আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ

সনত কুমার ভৌমিক

16.08.2018

অনুলিপি: নির্বাহী পরিচালক

সকল উপ-পরিচালক ও সহকারী পরিচালক
অফিস কপি

Abir